গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.nbr.gov.bd

নথি নং: ১(৩৩)/NSW প্রকল্প/মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ/২০১৮/ ২৭৭০ তারিখ: ১৯/০৬/২০২৫ খ্রি.

## পরিপত্র

**বিষয়: পণ্য আমদানি-রপ্তানি খালাস প্রক্রিয়ায় Bangladesh Single Window (BSW) System এ ম্যানুয়াল সার্টিফিকেট, লাইসেন্স, পারমিট (CLP) গ্রহণ না করা।**

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW মূলত একটি অনলাইন প্লাটফর্ম, যা ব্যবহার করে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য সব ধরনের সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। CLP গ্রহণের পূর্বে Business Identification Number (BIN) ব্যবহার করে BSW সিস্টেমে (Website: bswnbr.gov.bd) নিবন্ধন করতে হবে। এই সিস্টেম ব্যবহারের ফলে আমদানি-রপ্তানি কার্যক্রমে যে সকল সুবিধা পাওয়া যাবে সেগুলো হলো:

- একটি কমন প্লাটফর্মে আমদানি-রপ্তানি পণ্যের জন্য প্রযোজ্য সার্টিফিকেট, লাইসেন্স এবং পারমিট সংক্রান্ত সকল কার্যক্রম সংশ্লিষ্ট সকল সংস্থা কর্তৃক যুগপৎভাবে অনলাইনে সম্পন্ন করা হবে;
- সরকারী কাজে ব্যক্তিগত যোগাযোগ (হিউম্যান ইন্টারেকশন) না থাকায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস পাবে;
- দেশি-বিদেশী ব্যবসায়ীদের মধ্যে আস্থা সৃষ্টির মাধ্যমে বিনিয়োগ ও বাণিজ্যের প্রসার ঘটবে।

০২। ইতোমধ্যে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার ক্ষেত্রে ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল করার নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়। যা নিম্নরূপঃ

১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA);
২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB);
৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX);
৪. বাংলাদেশ ন্যাশনাল অথোরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC);
৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA);
৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA);
৭. পরিবেশ অধিদপ্তর (DoE);
৮. বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইনস্টিটিউশন (BSTI);
৯. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (BAERA);
১০. বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন (BAEC);
১১. বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB);
১২. বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন (BTRC);
১৩. মৎস্য অধিদপ্তর (DOF);
১৪. প্রাণিসম্পদ অধিদপ্তর (DLS);

Scanned with CamScanner

১৫. উদ্ভিদ সংগনিরোধ উইং (PQW);

১৬. বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA);

১৭. বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BGMEA);

১৮. বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন (BKMEA) এবং

১৯. আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (CCI&E)।

০৩। এমতাবস্থায়, আগামী ৩০ জুন, ২০২৫ খ্রি. তারিখের পর হতে আমদানি ও রপ্তানি পণ্যচালান শুল্কায়নের ক্ষেত্রে উক্ত ১৯টি সংস্থা কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট Bangladesh Single Window (BSW) সিস্টেমের মাধ্যমে দাখিল বাধ্যতামূলক করা হলো। উল্লিখিত তারিখের পর পণ্য চালান শুল্কায়নের ক্ষেত্রে কোন ধরনের ম্যানুয়াল সার্টিফিকেট লাইসেন্স ও পারমিট গ্রহণ করা হবে না।

২৯/০৬/২০২৫

[মোঃ মোয়াজ্জেম হোসেন]
সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণায়ল, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
২. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ভবন-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৪. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৫. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৬. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৭. সচিব, মৎস ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৮. সচিব, বেসামিরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৯. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১০. সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১১. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, ঢাকা।
১২. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন, মহাখালী, ঢাকা।
১৩. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।
১৪. ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১ কাওরান বাজার, টিসিবি বিল্ডিং, ১ হাতিরঝিল লিংক রোড -২, ঢাকা-১২১৫।
১৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বেপজা কমপ্লেক্স, হাউস নং-১৯/ডি, রোড নং-৬, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
১৬. চেয়ারম্যান, বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC), প্রধান উপদেষ্টার কার্যালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
১৭. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরোনো সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ পারমানবিক শক্তি কমিশন, ই-১২/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, আগারগাঁও, ঢাকা, বাংলাদেশ।
২০. চেয়ারম্যান, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি, কারওয়ান বাজার, হাতিরঝিল।
২১. সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, ৫৩-৫৪ নবাব সলিমুল্লাহ রোড, চাষাড়া, ঢাকা।
২২. মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন, ১১৬/এ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

Scanned with CamScanner

২৩. চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রন কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
২৪. চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, প্রধান কার্যালয়, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
২৫. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার স্মারক, ঢাকা, বাংলাদেশ।
২৬. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর,শহীদ ক্যাপটেন মনসুর হায়দার আলী স্মরণী, রমনা, ঢাকা।
২৭. মহাপরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী রোড, ঢাকা-১২১৫।
২৮. চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, প্লট ই-৬/বি, আগারগাঁও, ঢাকা।
২৯. প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রিড়া পরিষদ ভবন, লেভেল ১৪,৬২/৩, পুরান পল্টন, ঢাকা-১০০০।
৩০. ব্যবস্থাপনা পরিচালক, এফবিসিসিআই, আইকন, ৬০, মতিঝিল সি/এ, ঢাকা।
৩১. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ৫০০ (পাঁচশত) কপি প্রেরণের অনুরোধসহ]।
৩২. Executive Director, Foreign Investors Chamber of Commerce & Industry (FICCI), House# 59 (Level-04), Road#1, Block#1, Banani Dhaka-1213.
৩৩. সভাপতি, ডিসিসিআই/এমসিসিআই/সিসিসিআই (এসোসিয়েশনের সদস্যদের মধ্যে বিতরণের জন্য অনুরোধ করা হলো)।
৩৪. সাধারন সম্পাদক, সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন, কাস্টমস হাউস ঢাকা/আইসিডি/পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সদস্য (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
২. সদস্য (ভ্যাট পলিসি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৩. সদস্য (কাস্টমস নিরীক্ষা আধুনিকায়ন ও আন্তর্জাতিক চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা/আইসিডি/পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
৬. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৭. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(উত্তর)/ ঢাকা(দক্ষিণ)/চট্টগ্রাম/ কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৮. প্রথম সচিব (কাস্টমস অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৯. সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. দ্বিতীয় সচিব (কাস্টমস: আইসিটি ও এনএসডব্লিউ), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
১২. উপ-প্রকল্প পরিচালক/সহকারী প্রকল্প পরিচালক (সকল), ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প।
১৩. সিস্টেম এনালিস্ট/ প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার / NPC/ FMS/ PCMC, NSW-PIU, NBR।
১৪. পিএ টু সদস্য (শুল্ক রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫. Project Manager, Webb Fontaine, 4th Floor, Caldwell Centre, Plot#54, Road#11, Block-C, Dhaka-1213.
১৬. Project Manager, Deloitte Touche Tohmatsu India L.L.P.